দৈনিক বাংলা

তারিখ ... ১৬।৬।৮৩...
পৃষ্ঠা...

# কিশোরগঞ্জে প্রাইমারী স্কুল উন্নয়নে ৩৪ লাখ টাকা বরাদ্দ

(নিজস্ব সংবাদদাতা)

কিশোরগঞ্জ, ১৪ই জুন। — কিশোরগঞ্জ প্রাথমিক শিক্ষা জেলায় এ বছর স্কুলে ভবন মেরামত ও পুনঃ নির্মাণের জন্য ৩৫ লক্ষাধিক টাকা মঞ্জুর করা হয়েছে।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের সঙ্গে আলাপ করে জানা গেছে ১শ ১২টি স্কুল ভবন মেরামতের জন্য ২০ লক্ষাধিক টাকা মঞ্জুর করা হয়েছে। এর মধ্যে ৩২টির কাজ সম্পূর্ণ হয়েছে। ১৯টির কাজ জুন মাসের মধ্যে শেষ হয়ে যাবে। বাকী ২৮টি স্কুল ভবনের কাজ অর্ধেক শেষ হয়েছে। উল্লেখ্য এবারের মেরামতের কাজে গৃহীত সব গুলো স্কুল ভবনই পাকা ভিটি ও দেওয়ালের উপর টিনের চৌচালা নির্মাণ করা হচ্ছে।

পুনঃ নির্মাণের জন্য কিশোরগঞ্জ থানার ৪টি এবং কটিয়াদি থানার ৫টি মোট ৯টি স্কুল গ্রহণ করা হয়েছে। এই কাজের জন্য বরাদ্দ করা হয়েছে ১৪ লক্ষাধিক টাকা। কিশোরগঞ্জ থানার ৪টি স্কুল ভবনের কাজ প্রায় সম্পন্ন হয়েছে। কিন্তু কটিয়াদি থানার কাজ বিলম্বে আরম্ভ হওয়ায় অর্ধেক কাজ মাত্র সম্পন্ন হয়েছে।

## যশোরে ৫০ লাখ টাকার উন্নয়ন কর্মসূচী

নিজস্ব সংবাদদাতা যশোরে, নোয়াপাড়া থেকে জানান যশোর জেলা পরিষদ ১৯৮৩-৮৪ সালের জন্যে ৫০ লাখ টাকার উন্নয়ন কর্মসূচীর গ্রহণ করেছে।

এই উন্নয়ন কর্মসূচীর মধ্যে আছে, সড়ক সংস্কার ও নির্মান, সেতু নির্মাণ মজা পুকুর সংস্কার প্রভৃতি।

এছাড়া, ফেরীঘাট সংস্কারে ২৩ হাজার টাকা ছাত্রছাত্রীদের বৃত্তি বাবদ ৪২ হাজার টাকা ও বাঁধ নির্মাণে ১০ হাজার টাকা ব্যয় করা হবে।